# শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

প্লট-৬, এভিনিউ/রোড-৬, সেকটর-১৭/এইচ-১, উত্তরা রেসিডেন্সিয়াল মডেল টাউন, উত্তরা, ঢাকা

## শিক্ষার্থী পরিবহনের নিমিত্তে বাস ভাড়ার দরপত্র আহবান (সংশোধিত)

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি (এসএসইউসিটি)-এর শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তাদের যাতায়াতের জন্য সম্পূর্ণ সরবরাহকারীর ব্যবস্থাপনায় ৫টি বাস (প্রতিটি ৪৫ সিট বিশিষ্ট) ট্রিপ ভিত্তিক মাসিক চুক্তিতে ভাড়ার জন্য প্রকৃত বাস মালিকদের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**বাস রুট ঃ**

১. গাজিপুর চৌরাস্তা থেকে এসএসইউসিটি ক্যাম্পাস - ক্যাম্পাস থেকে গাজিপুর চৌরাস্তা (প্রতি রাউন্ড ট্রিপ আনুমানিক ৭০ কি. মি.)
২. রামপুরা ব্রিজ থেকে এসএসইউসিটি ক্যাম্পাস - ক্যাম্পাস থেকে রামপুরা ব্রিজ (প্রতি রাউন্ড ট্রিপ আনুমানিক ৫০ কি. মি.)
৩. আজিমপুর, নিউমার্কেট থেকে এসএসইউসিটি ক্যাম্পাস - ক্যাম্পাস থেকে আজিমপুর, নিউমার্কেট (প্রতি রাউন্ড ট্রিপ আনুমানিক ৭০ কি. মি.)

**ট্রিপ ও সময় ঃ**

মাসিক ভাড়া চুক্তির অধীনে প্রতিটি বাস সপ্তাহে ৬ দিন প্রতিদিন ১ (এক) রাউন্ড ট্রিপ করে চলবে। শুক্রবার সাপ্তাহিক বন্ধ এবং সরকারি ছুটির দিনে বন্ধ থাকবে। উল্লেখিত গন্তব্যগুলো থেকে প্রয়োজন অনুসারে সকালে গাড়ি ছাড়বে এবং ক্যাম্পাস থেকে বিভিন্ন সময়ে ছেড়ে যাবে। তবে অফিসের প্রয়োজনে সময় পরিবর্তন হতে পারে। দেশে বা বিশ্ববিদ্যালয়ে যে কোন ধরনের বিপর্যয় বা ঈদের ছুটিতে দীর্ঘদিন গাড়ি বন্ধ থাকলে উক্ত দিনগুলোর ট্রিপের ভাড়া থেকে জ্বালানী/তেল খরচ কর্তন করা হবে।

**খরচসমূহ ঃ**

তেল খরচ, ড্রাইভার ও হেলপারের বেতন, রোড খরচ, বাসের রং ও মেইনটেইনেন্সসহ সকল ধরনের খরচ গাড়ির মালিককে বহন করতে হবে। বিশ্ববিদ্যালয় বাস প্রতি ট্রিপ সংখ্যা অনুযায়ী মাস শেষে ভাড়া প্রদান করবে।

**অন্যান্য শর্তবলী ঃ**

ক. মালিকের অবশ্যই নিজস্ব পরিবহন থাকতে হবে, ভাড়াকৃত গাড়ি ব্যবহার করা যাবে না, বানিজ্যিক রুটের বাস গহণযোগ্য নয়।
খ. গাড়ি নূন্যতম ৪২/৪৫ সিটের হতে হবে এবং গাড়ির টিপটপ কনডিশন হতে হবে। আবেদনে গাড়ির নির্মান কোম্পানী সাল এবং রেজিস্ট্রেশন সাল উল্লেখ থাকতে হবে। ২০২০ সাল এবং তৎপরবর্তী মডেলের গাড়ী অগ্রাধীকারযোগ্য।
গ. গাড়ির সিট কভার, জানালার পর্দা এবং ফ্লোর ম্যাট নতুন দিতে হবে।
ঘ. প্রাথমিকভাবে গাড়ি ভাড়া চুক্তির মেয়াদ হবে ১ বছর।
ঙ. ভাড়াকৃত কোন গাড়ির যান্ত্রিক ক্রটি দেখা দিলে অতিদ্রুত পরিবর্তিত গাড়ির ব্যবস্থা করতে হবে।
চ. বাসের দু'পাশে এবং সামনে-পিছনে বিশ্ববিদ্যালয়ের নাম লোগোসহ স্টিকার ব্যবহার করা হবে (ব্রান্ডিং খরচ বিশ্ববিদ্যালয় বহন করবে)।
ছ. প্রতিটি গাড়ি সপ্তাহে ৬ দিন চলবে, তবে বিশেষ ক্ষেত্র বা কারণবশত কোন সপ্তাহে ৭দিন ট্রিপ প্রয়োজন হতে পারে।
জ. ভাড়াকৃত গাড়ি অন্য কোন কাজে বা অন্য কোন প্রতিষ্ঠনে ব্যাবহার করা যাবে না।
ঝ. গাড়ি ভাড়ার বিল থেকে সরকারী বিধি মোতাবক ট্যাক্স ও এআইটি কর্তন করা হবে।
ঞ. মাসিক ২৬ ট্রিপ ধরে ড্রাইভার-হেলপার ও তেল খরচ পৃথকভাবে উল্লেখপূর্বক কোটেশন দাখিল করতে হবে, যার উপর ভ্যাট বা এআইটি প্রযোজ্য হবে না।
ট. মাস শেষে বিলের সঙ্গে বাস প্রতি একটি তেলের ভাউচার জমা প্রদান করতে হবে। ড্রাইভার ও হেলপারের হাজিরা রেজিস্ট্রার খাতায় নিশ্চিত করতে হবে।

**কোটেশন দাখিল ঃ**

বাস সার্ভিস প্রদানে আগ্রহী বাস মালিক/পরিবহন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে বাসের মালিকানা, বাসের মডেল, তৈরীর সাল, টেক্স রির্টান ও ফিটনেস্ এবং রুট পার্মিট সংক্রান্ত কাগজপত্রসহ উল্লেখিত শর্তাবলী অনুসারে রাউন্ড ট্রিপ ভিত্তিক মাসিক (২৬ ট্রিপ ধরে VAT ও AIT সহ) হিসাবে নিম্নে বর্ণিত ঠিকানা মোতাবেক সিলগালা খামে আগামি ১৩ আগস্ট, ২০২৬ বিকাল ৫ ঘটিকার মধ্যে আবেদনসহ দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো ঃ

**ক্রয় বিভাগ**
**শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি**
প্লট-৬, এভিনিউ/রোড-৬, সেকটর-১৭/এইচ-১, উত্তরা রেসিডেন্সিয়াল মডেল টাউন, উত্তরা, ঢাকা-১২৩০।
ই-মেইল ঃ asst.registrar.purchase@smuct.ac.bd
মোবাইল ঃ ০১৭২৮৩২১১৮০

**বিশেষ দ্রষ্টব্যঃ** বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিলের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

3.8.25

ড. পাড় মশিয়ূর রহমান
রেজিস্ট্রার

SHANTO-MARIAM UNIVERSITY OF CREATIVE TECHNOLOGY
DHAKA BANGLADESH ESTD-2003
UTTARA

CS CamScanner